



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

উপ-পরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়

রাজশাহী বিভাগ, রাজশাহী।

E-mail: dd_rajshahi@brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০৩.০০৩.০৩৫.২৭.২০-৫৬

তারিখঃ ০৯-০২-২০২০ খ্রিঃ।

ফিটনেস নবায়ন সংক্রান্ত বিআরটিএ'র বিজ্ঞপ্তি

সম্মানিত মোটরযানের মালিক, চালক ও সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পূর্বে মোটরযানের ফিটনেস নবায়নের জন্য বিআরটিএ'র যে সার্কেলে মোটরযান রেজিস্ট্রেশন করা হয়েছে সেই সার্কেলেই ফিটনেস নবায়ন করতে হতো। গ্রাহকগণকে দেশের বিভিন্ন প্রান্ত হতে শুধুমাত্র ফিটনেস নবায়নের জন্য সেই সংশ্লিষ্ট জেলায় মোটরযান নিয়ে যেতে হতো। এতে গ্রাহকগণের মূল্যবান সময় ও অর্থ অপচয়ের পাশাপাশি নানা ভোগান্তিতে পড়তে হতো। এই সমস্যা সমাধানের লক্ষ্যে বর্তমানে সড়ক পরিবহন আইন, ২০১৮ ধারা ১২৪(১)(খ) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিআরটিএ'র যে কোন সার্কেল হতে রেজিস্ট্রিকৃত মোটরযানের ফিটনেস নবায়ন বিআরটিএ'র যে কোন সার্কেল হতে করবার সুযোগ প্রদান করেছে। ফলে মোটরযান মালিকগণ বিআরটিএ'র যে কোন সার্কেল হতে ফিটনেস নবায়নের সুযোগ পেয়েছে যা গ্রাহকসেবার মান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। মোটরযানের ফিটনেস নবায়নকালে সরকার কর্তৃক প্রদত্ত এই সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

উপ-পরিচালক (ইঞ্জিঃ)

বিআরটিএ, রাজশাহী বিভাগ।